## আইবিএম–এর ওয়ার্ক ষ্টেশন এবং প্যারালাল ইউনিট একত্রিত হচ্ছে

আমেরিকার আইবিএম কর্পো. তার ওয়ার্কস্টেশন বিভাগ এবং নতুন স্থাপিত 'ম্যাসিভলি প্যারালাল' কমপিউটার বিভাগকে একত্রিত করে একটি মাত্র বিভাগে রূপ দিচ্ছে।

ওয়ার্কস্টেশন বিভাগে আইবিএম আর.এস/৬০০০ কমপিউটার তৈরি করে, যা ব্যবসায়িক প্রতিষ্ঠানে বেশ জনপ্রিয়তা লাভ করছে।

বহু সংখ্যক প্রসেসর ব্যবহার করে তৈরি করা অত্যন্ত ক্ষমতাশীল 'ম্যাসিভলি প্যারালাল' কমপিউটার মেইনফ্রেমের চেয়ে শক্তিশালী রূপ নেয়ায় বর্তমানে বৈজ্ঞানিক কর্মকাণ্ড ছাড়াও বাণিজ্যিক কাজ কর্মে তা বিপুলভাবে ব্যবহৃত হচ্ছে। ❋

## সফটওয়্যার ডেভেলপমেন্ট পার্ক তৈরিতে বেসরকারী প্রতিষ্ঠান

ভারতের মাদ্রাজভিত্তিক পেন্টাফোর সফটওয়্যার এন্ড এক্সপোর্টস লিঃ ২৫ কোটি রুপী ব্যয়ে একটি সফটওয়্যার ডেভেলপমেন্ট পার্ক ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করছে। মাদ্রাজ থেকে ৪০ কিলোমিটার দূরে কেলামবাক্কামে অবস্থিত এই পার্কটিতে ১২৫ জন সফটওয়্যার ডেভেলাপার সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং এবং মাল্টিমিডিয়ার উপর কাজ করবে। আমেরিকার সাথে এর ৬৪ কোটি কেবিপিএস উপগ্রহ সংযোগ রয়েছে। এছাড়া মাদ্রাজে অবস্থিত প্রধান অফিসের সাথে এর রেডিও যোগাযোগ ব্যবস্থা রয়েছে। ❋

## সাধারণের জন্য সিডি-রম রেকর্ডার

একজন সাধারণ ব্যবহারকারীর পক্ষে নিজস্ব সিডি-রম ডিস্ক তৈরি করা কিছুদিন আগেও বিলাসমাত্র ছিল। কম্প্যাক্ট ডিস্ক রেকর্ডার (দাম ৪০০০ ডলারের ঊর্ধ্বে) এবং তার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার ছিল খুবই দামী।

কিন্তু এখন এ অবস্থার পরিবর্তন হতে যাচ্ছে। কোরেল কর্পো. কোরেল সিডি ক্রিয়েটর নামে একটি স্বল্পমূল্যের (২৪৯ ডলার) সফটওয়্যার বাজারে ছাড়ছে যার সাহায্যে সাধারণ উইন্ডোজ ব্যবহারকারীগণ নিজেরাই তাদের কম্প্যাক্ট ডিস্ক তৈরি করতে পারবেন।

এদিকে বেশ কিছু সিডি রেকর্ডার নির্মাতা এ বছরই বেশ কয়েকটি মডেল ছাড়ছে যাদের দাম পড়বে ১০০০ ডলারেরও কম। ❋

## ভারতীয় পামটপ আমেরিকায় রপ্তানী হবে

ভারতের ব্যাঙ্গালোর ভিত্তিক প্রতিষ্ঠান এনকোর আমেরিকার আরকনসাসের একটি ডাটাবেজ কোম্পানীকে ১০,০০০ পামটপ কমপিউটার সরবরাহের চুক্তি স্বাক্ষর করেছে। এই পামটপগুলো আমেরিকার কোম্পানীটির তৈরি করা ডাটাবেজ ব্যবহার করতে ব্যবহৃত হবে। এ বছরের সেপ্টেম্বর থেকে শুরু করে আগামী ১০ মাসের মধ্যে এগুলো সরবরাহ করতে হবে।

এনকোর আশা করছে, প্রাথমিক এই সরবরাহের পরে তারা আরো ১,০০,০০০ ইউনিট সরবরাহের অর্ডার পাবে। ❋

## 486 উৎপাদনে AMD শীর্ষ অবস্থানে

আমেরিকার এডভান্সড মাইক্রো ডিভাইসেস ইন্টেলের পেন্টিয়ামের সমতুল্য K5 মাইক্রো প্রসেসর বাজারে ছাড়তে আরো দেরী করবে বলে জানিয়েছে। এএমডি এ বছরের শেষ ছয় মাসে ৫ লক্ষ থেকে ১০ লক্ষ পরিমাণ K5 মাইক্রোপ্রসেসর বিক্রির পরিকল্পনা নিয়েছিল। কিন্তু বর্তমানে তারা কেবল 486 শ্রেণীর মাইক্রোপ্রসেসর উৎপাদন করছে। এ বছর তারা ১ কোটি 486 তৈরি করে এই শ্রেণীর চিপ উৎপাদনে শীর্ষ স্থানে অবস্থান করবে বলে ধারণা করা হচ্ছে। তবে কোম্পানীটি জানিয়েছে, যদি এখনই কম্প্যাক তাদের কাছে K5 চিপ চায় তবে তারা তা উৎপাদন করবে। ❋

## কমপিউটার ব্যবসায়ীদের সাথে প্রতারণা

সম্প্রতি উত্তরায় অবস্থিত একটি সাপ্তাহিক পত্রিকার সম্পাদক এবং এডিটর ইন চার্জ কমপিউটার কেনার ব্যাপারে কমপিউটার কোম্পানীর সাথে প্রতারণা করেছে। 'নতুন দেশ' নামক সাপ্তাহিকীর সম্পাদক এবং এডিটর ইন চার্জ স্বাক্ষরিত ওয়ার্ক অর্ডারের ভিত্তিতে কমপিউটার সরবরাহ করার পর তাদের আর কোন খোজ পাওয়া যাচ্ছে না।

'নতুন দেশ' সাপ্তাহিকীর সম্পাদক সিরাজুল ইসলাম এবং এডিটর-ইন-চার্জ আজিজুল হক বেশ কয়েকটি কমপিউটার কোম্পানীর কাছ থেকে বিভিন্ন কনফিগারেশনের কমপিউটার, প্রিন্টার ইউপিএসসহ অন্যান্য সামগ্রীর জন্য কোটেশন চান। কিন্তু সব কোম্পানী থেকে একই মালামালের কোটেশন চান না।

উক্ত দুই ব্যক্তি ইন্দিতা কমপিউটার্স প্রাঃ লিঃ এর কাছ থেকে যে মালামালের কোটেশন চায় তার মূল্য এক লক্ষ পঞ্চান্ন হাজার দুইশত টাকা। ইন্দিতা ওয়ার্ক অর্ডারের ভিত্তিতে সমস্ত মালামাল সরবরাহ করে এবং আজিজুল হক ও সিরাজুল ইসলাম স্বাক্ষরিত ১,৫৫,২০০/= টাকার একটি চেক গ্রহণ করে। পরবর্তী দিন চেক উঠাতে গিয়ে দেখা যায় তাদের একাউন্টে আছে মাত্র ৮০ (আশি) টাকা।

ব্যাংক কর্মকর্তাগণ জানান উক্ত ব্যক্তিদ্বয়ের স্বাক্ষরিত চেক প্রায়ই ব্যাংকে আসে, কিন্তু তাদের একাউন্টে টাকা নেই এবং তারা প্রতারক। এ ব্যাপারে উত্তরা থানায় মামলা দায়ের করা হয়। পুলিশ উত্তরায় নতুন দেশ অফিসে সরবরাহকৃত মালামালের কোন হদিস পায়নি। ইন্দিতার পক্ষ থেকে অভিযোগ, পুলিশ কার্যক্রম চালাচ্ছে শ্লথ গতিতে।

ইতিপূর্বে চক্রটি ডেফোডিল কমপিউটার্সের নিকট থেকে প্রায় পৌনে তিন লক্ষ টাকার মালামালের কোটেশন চায় বলে জানা গেছে এবং তাদেরকে তিন দিনের মধ্যে সমস্ত মাল সরবরাহ করতে বলে। এক্ষেত্রে ডেফোডিলের সাথে পেমেন্টের শর্ত মেলেনি বলে ডেফোডিল মালামাল সরবরাহ করেনি। ❋

## ICL-এর নতুন ব্রান্ড নাম Fujitsu ICL

বহু বছর যাবৎ তাদের পিসিতে ICL ব্রান্ড নাম ব্যবহার করার পর সম্প্রতি ICL তাদের পিসিসমূহের নতুন ব্রান্ড নাম Fujitsu ICL ব্যবহার করছে।

এখন থেকে ICL এর সমস্ত পিসি এবং সার্ভারে এই নতুন ব্রান্ড নাম ব্যবহার করা হবে। ❋

## এনইসি ৬৪-বিট রিস্ক চিপ বানাবে

এনইসি কোম্পানী পরবর্তী প্রজন্মের কমপিউটার হাতের মুঠোয় বহনযোগ্য পারসোনাল ডিজিটাল এসিস্ট্যান্ট (পিডিএ)–এর মূল মস্তিষ্ক ৬৪-বিট MIPS RISC চিপ প্রস্তুত করছে। এ বছর জুনে Vr-4100 নামের এ চিপের নমুনা ছাড়া হবে। ০.৩৫ মাইক্রন প্রযুক্তির অত্যন্ত কম বিদ্যুৎ শক্তি ব্যয়কারী, তুলনামূলকভাবে সস্তা অথচ অধিকতর ক্ষমতাবান এই চিপে থাকছে সাড়ে চার লক্ষ ট্রানজিস্টর, ৫×৫ মি. মি. সাইজের Vr-4100 চিপের বাহ্যিক ঘড়ির গতি ১০ মে. হা. এবং অভ্যন্তরীণ ঘড়ির গতি ৪০ মে. হার্টজ। তিনটি অপারেটিং মোডে–ষ্ট্যান্ডবাই, সাসপেন্ড এবং হাইবারনেট প্রভৃতিতে চলতে সক্ষম এ চিপটি ৬৪-বিট ইনস্ট্রাকশন সেটসমৃদ্ধ এবং প্রতি সেকেন্ডে সর্বোচ্চ ৪০ মিলিয়ন গণনা সম্পন্ন করতে পারে। নমুনা পর্যায়ে এক লক্ষ চিপের মূল্য ৫০ ডলার হলেও পূর্ণ উদ্যমে উৎপাদন শুরু হলে এর দাম পড়বে মাত্র ২৫ ডলার। পরবর্তী প্রজন্মের সুপার কমপিউটারের প্রসেসর হিসেবে আবির্ভূত হবার অপেক্ষায় এ চিপটি আসছে ১০০ পিন প্লাস্টিক প্যাকেজে। ❋

## ইমপালস কমপিউটার লিমিটেড এর নতুন ডিলার নিয়োগ

ইমপালস কমপিউটার লিমিটেড ক্রমবর্ধমান বাণিজ্যিক চাহিদা পূরণ, গ্রাহক সেবার মান উন্নয়নের সুবিধার্থে তাদের বিপণন ও সেবা প্রদান কার্যক্রম সম্প্রসারিত করেছে। তাদের বাজারজাতকৃত ALR. PRIDE কমপিউটার, TEXAS INSTRUMENTS প্রিন্টার, এবং ক্রিয়েটিভ সামগ্রীর জন্য বন্দর নগরী চট্টগ্রামে কমপিউটার সুপর্না, হাজারী কমপ্লেক্স (নিচতলা) ৫২ সদর ঘাট রোড, চট্টগ্রাম, ফোন ২২৭৭৫৩, শিল্পনগরী খুলনায় কমপিউটার ল্যান্ড, চেম্বার ম্যানসন (১ম তলা) ৫ কেডিএ বা/এ, খুলনা, রাজশাহীতে কমপিউটার একাডেমী, ঢাকা বাসস্ট্যান্ড, ঘ-১১৩০, ভিক্টোরিয়া রোড, রাজশাহী এবং মহানগরী ঢাকার মাইক্রোলজিক সিস্টেম এন্ড সলিউশন (প্রাঃ) লিঃ, বাড়ী নং-৫২, সড়ক নং-২/এ, ধানমন্ডি বা/এ ঢাকা, ফোন ঃ ৮৬৮৪৩৬ ও পিসি কানেকশন লিঃ, বাড়ী ৭/২২, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা ফোন ঃ ৮১৩৫৩০ কে ডিলার নিয়োগ করেছে। ভবিষ্যতে দেশের বিভিন্ন অঞ্চলে ডিলার নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যমে, গ্রাহকদের উন্নত সেবা প্রদানের পরিকল্পনা ইমপালসের রয়েছে। বিস্তারিত জানতে যোগাযোগ ঃ ৮৬৩৯৬৭।

## ৭ জুলাই বাকসাসের সভা

জুলাইয়ের ৭ তারিখে বাংলাদেশ কমপিউটার সাংবাদিক সমিতির পরবর্তী সভা, অনুষ্ঠিত হবে। গত ৫ জুনে মাসিক কমপিউটার এন্ড ইলেকট্রনিক্স-এর মালিবাগস্থ অফিসে এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাকসাসের সাধারণ সম্পাদক ভূঁইয়া ইনাম লেনিন।

জুলাই-এর সভা বাকসাস সভাপতি জনাব নাজিমমুদ্দিন মোস্তানের বাসায় ৯৫, শুক্রাবাদ (২য় তলা) সকাল ১০ টায় অনুষ্ঠিত হবে। ঐ দিন সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে। ❋

